The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 929 | 03 July 2026 | শুক্রবার ১৯ আষাঢ় ১৪৩৩




Senate Majority Leader McConnell was found 'unconscious'
→ Page 19

Bangladesh Calls for Stronger Global Cooperation to Counter Evolving
→ Page 18





Supreme Court upholds birthright citizenship
→ Page 19

Trump Lost his fight with Iran: War is entering in new phase
→ Page 18





# নতুন জীবন পেলেন রোনালদো



## মতিউর রহমান চৌধুরী

*প্রখ্যাত সাংবাদিক ও দৈনিক মানবজমিন সম্পাদক বিশ্বকাপ ফুটবল উদ্বোধনী থেকেই কাভার করছেন মাঠ থেকে। নিউইয়র্কের পাঠকনন্দিত সাপ্তাহিক **আজকাল**-এর জন্য এবারের বিশ্বকাপে 'নতুন জীবন পেলেন রোনালদো' সম্পর্কিত তাঁর বিশেষ লেখাটি প্রকাশিত হলো। তিনি প্রতি সপ্তাহেই বিশ্বকাপ ২০২৬ নিয়ে **আজকাল**-এর পাঠকদের জন্য লিখছেন। চোখ রাখুন **আজকাল**-এর পাতায়।*

ঘটনা বহুল খেলায় পর্তুগাল শেষ ষোল খেলার সুযোগ পেয়েছে। খেলায় ফলাফল ২-১। তবে ম্যাচের শুরুটা ছিল ক্রোয়েশিয়ার। তারা ১ গোলে এগিয়েও ছিল। এরপর রোনালদোর দল পেনাল্টি পেল, রোনালদোও গোল পেল। এবারের বিশ্বকাপে এ ম্যাচটি ছিল রোনালদোর অস্তিত্বের লড়াই। হেরে গিয়েও বেঁচে গেলেন তিনি। ঈশ্বরের আশির্বাদে পেনাল্টি গোল। এক-এক গোলে সমতা। এই খেলায় তিনটি গোল বাতিল হয়। অফসাইডে অভিযোগে রোনালদোর একটি গোল বাতিল হওয়ার পর খেলায় বেশ চাঞ্চল্য তেরি হয়। এর পর ক্রোয়েশিয়ার দুটি গোল বাতিল হয়। দুই দলের দুই মহা তারকা রোনালদো ও মডরিচের এটাই শেষ বিশ্বকাপ। তবে শেষটা রাঙ্গানো হলো না মডরিচের। গোল পেলেন না, বিশ্বকাপ থেকেও বিদায় নিয়েছেন। এদিক থেকে রোনালদোর এখনো সুযোগ আছে,
এরপর ৩৯ পৃষ্ঠায়



# ফুটবল নিয়ে স্বপ্ন দেখছেন আমেরিকানরা

আজকাল রিপোর্ট

ফুটবলে এগিয়ে যাচ্ছে আমেরিকা। জনপ্রিয় হয়ে উঠছে আমেরিকানদের মাঝে। বিশ্বকাপ ফুটবলের আসনে প্রতিটি স্টেডিয়ামে উপচেপড়া ভীর। প্রথমবারের মতো গ্রুপ সিক্সটিনে পা রাখলো তারা। স্বপ্ন দেখছেন আরও জয়ের। খেলায় দেখাচ্ছেন নৈপূণ্যতা। ইতোমধ্যে যুক্তরাষ্ট্রের নারী ফুটবলাররা এগিয়েছেন। বিশ্ব ফুটবলে দাপুটে তারা। হয়েছে কয়েকবার চ্যাম্পিয়ন। এখন পুরুষদের এগিয়ে যাবার পালা। বসনিয়া ও হারর্জেগোভিনাকে ২-০ গোলে হারিয়ে বিশ্বকাপের রাউন্ড অব সিক্সটিনে পৌঁছেছে যুক্তরাষ্ট্র। ২০০২ সালের পর নকআউট পর্বে যুক্তরাষ্ট্রের এটি প্রথম জয়। রাউন্ড অব সিক্সটিনে বেলজিয়ামের বিপক্ষে খেলবে তারা। তবে সেই ম্যাচে খেলতে পারবেন না লাল কার্ড
এরপর ৩৯ পৃষ্ঠায়

# জন্মসূত্রে নাগরিকত্ব বহালে অভিবাসীদের স্বস্তি

আজকাল রিপোর্ট




যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট ঐতিহাসিক এক রায় দিয়েছেন জন্মসূত্রে নাগরিকত্ব পাওয়া নিয়ে। রায়ে সাংবিধানিক অধিকারকে বহাল রেখেছেন উচ্চ আদালত। শতাব্দীরও বেশি সময় ধরে চলে আসা সাংবিধানিক আইনি অধিকারের প্রতি সর্বোচ্চ আদালত রায় দিয়ে পরিষ্কার করেছেন সব বাধা। এর ফলে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেওয়া প্রচেষ্টা ব্যর্থ হলো। আদালতের এই রায়ে ট্রাম্পের নির্বাহী আদেশটিকে অবৈধ ঘোষণা করা হয়েছে। ওই আদেশে নথিপত্রহীন বা অবৈধ অভিবাসী এবং সাময়িক ভিসায় যুক্তরাষ্ট্রে অবস্থানরত শিক্ষার্থীদের সন্তানদের জন্মসূত্রে নাগরিকত্ব দেওয়ার নিয়ম বাতিলের কথা বলা হয়েছিল। রক্ষণশীল ধারার এই সর্বোচ্চ আদালতের পক্ষ থেকে চলতি বছর ট্রাম্পের নীতিমালার ওপর এটি বড় ধরনের চাপ।
এরপর ২৪ পৃষ্ঠায়



# ১৮ অক্টোবর সোসাইটির নির্বাচন!

আজকাল রিপোর্ট

## রেকর্ড সংখক ভোটার রেজিস্ট্রেশন

নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশিদের আম্ব্রেলা সংগঠন 'বাংলাদেশ সোসাইটি'র এবারের নির্বাচনে রেকর্ড ভোটার সদস্য নিবন্ধন হয়েছেন। নির্বাচন কমিশনের চূড়ান্ত যাচাই শেষে ১ জুলাই মোট ৩৫ হাজার ৩২১ জন ভোটার তালিকা নিশ্চিত করে তথ্য দিয়েছেন বাংলাদেশ সোসাইটির সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী। এরমধ্যে আজীবন সদস্য ১০২৬ এবং নতুন সদস্য ৩৪২৯৫ জন। নতুন আজীবন সদস্য হয়েছেন ১৬
এরপর ৫৩ পৃষ্ঠায়



# শামসুল হক এখন ২ ভোটে পিছিয়ে

## ১৪ জুলাই পুনঃগণনা

আজকাল রিপোর্ট

নিউইয়র্ক স্টেট এসেমব্রি ডিস্ট্রিক্ট-৩০ নির্বাচনে বাংলাদেশি বংশোদভূত শামসুল হক মাত্র ২ ভোটে পিছিয়ে আছেন। গত বুধবার শামসুল হকের নির্বাচনী টীমকে বোর্ড
এরপর ৩৯ পৃষ্ঠায়



# বাংলাদেশে বিদেশি হস্তক্ষেপের বিরুদ্ধে পাশে থাকবে চীন: রাষ্ট্রদূত

আজকাল রিপোর্ট

ঢাকায় নিযুক্ত চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন বলেছেন, বাংলাদেশে যে কোনো বিদেশি হস্তক্ষেপের বিরুদ্ধে সবসময় বাংলাদেশের পাশে আছে চীন। এছাড়াও চীন যে কোনো দেশেই বিদেশি হস্তক্ষেপের ঘোর বিরোধী। প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফর নিয়ে বৃহস্পতিবার ঢাকায় চীনা দূতাবাসে
এরপর ২৪ পৃষ্ঠায়




# যুক্তরাষ্ট্রের স্বাধীনতার ২৫০ বছর

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ২৫০তম আলোকোজ্জ্বল স্বাধীনতা দিবসটি নানা কারণে অত্যন্ত আবেগঘন এবং ভালোবাসার পতাকা দিয়ে মোড়ানো। ৪ জুলাই ২০২৬ রাজধানী ওয়াশিংটন ডিসিকে সাজানো হয়েছে আড়াইশ বছরের মধ্যে অন্যতম এক দৃষ্টিনন্দন ছবিতে।
এরপর ২৪ পৃষ্ঠায়























NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE
NEW YORK SENIOR
ADULT DAYCARE
নিউইয়র্ক সিনিয়র এডাল্ট ডে কেয়ার
WE HAVE MOST PROMINENT MLTC CONTACT
healthfirst
elderplan
Anthem
Hamaspik
RiverSpring Living
MetroPlus Health
S W H
Senior Whole Health
SHAH NAWAZ MBA
PRESIDENT & CEO
FUHAD HUSSAIN
CCO
MOHAMMAD ZAHID ALAM
CFO
• We Provide Transportation for Pick-Up and Drop Off
• Both Halal and Vegetarian Food Option
A SISTER CONCERN OF
SHAH NAWAZ GROUP
সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা
CALL US NOW:
718-516-3425
SNG
SHAH NAWAZ GROUP
Design by: ihopeprint.com, 929-536-7903
CONTACT US:
Off: 718-516-3424
FAX: 646-568-6474
newyorksadc.com
intake@ny-sadc.com
116-33 Queens Blvd
Forest Hills, NY 11375
86-11 101 Avenue,
Ozone Park, NY 11416



ড. মাহবুব উল্লাহ্-এর কলাম
তিস্তা মহাপরিকল্পনা: ভারতকে এর জন্য দাম চুকাতে হবে
১২ পৃষ্ঠায়



সৈয়দ ফায়েজ আহমেদ-এর কলাম
বিশ্বকাপে ইরানি মহাকাব্য
১০ পৃষ্ঠায়



সাঈদ ইফতেখার আহমেদ-এর কলাম
চীন-মার্কিন প্রতিযোগিতা: বাংলাদেশের জন্য সুযোগ না সংকট?
০৭ পৃষ্ঠায়




# অস্থায়ী অভিবাসীদের যুক্তরাষ্ট্র ত্যাগের নির্দেশ

আজকাল রিপোর্ট



যুক্তরাষ্ট্রে টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (টিপিএস)-এর আওতায় বসবাসরত অভিবাসীদের স্থায়ীভাবে বসবাসের জন্য আবেদন করতে হবে, অন্যথায় নিজ দেশে ফিরে যেতে হবে। দেশটির হোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারি মার্কওয়েন মুলিন রোববার সিএনএনের 'স্টেট অব দ্য ইউনিয়ন' অনুষ্ঠানে দেয়া সাক্ষাৎকারে এই মন্তব্য করেছেন। যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্ট গত সপ্তাহে প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প প্রশাসনকে হাজার হাজার হাইতি ও সিরিয়ার নাগরিকের টিপিএস সুবিধা বাতিলের অনুমতি দেয়ার পরই মুলিনের এমন মন্তব্য প্রকাশ্যে এলো। টিপিএসের আওতায় সংঘাত, দুর্যোগ বা চরম সংকটে থাকা দেশের নাগরিকদের সাময়িকভাবে যুক্তরাষ্ট্রে বৈধভাবে থাকার সুযোগ দেয়া হয়।

মুলিন বলেছেন, হয় প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে স্থায়ী বৈধ মর্যাদা পাওয়ার চেষ্টা করুন, নয়তো আমরা আপনাকে নিজ দেশে ফিরতে সহায়তা করব। তিনি আরও বলেন, আমরা আপনাকে দেশে ফেরার জন্য বিমানের টিকিট দেব। পাশাপাশি সেখানে নতুন করে জীবন শুরু করতে প্রায় ২ হাজার ১০০ ডলারও দেয়া হবে। তবে আদালতের রায় এবং কর্মসূচির নাম থেকেই স্পষ্ট- টিপিএস কোনো স্থায়ী মর্যাদা নয়। যুক্তরাষ্ট্রের আইনে যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ বা অন্যান্য প্রতিকূল পরিস্থিতি থেকে পালিয়ে আসা ব্যক্তিদের অস্থায়ীভাবে বৈধভাবে বসবাসের অনুমতি দেয়ার সুযোগ রয়েছে। অতীতে এই সুরক্ষা সুবিধার এরপর ৫৩ পৃষ্ঠায়



## উদ্ভোধন হলো আশা রেস্টুরেন্ট এন্ড পার্টি হল

আজকাল রিপোর্ট

প্রবাসী বাংলাদেশিদের মজাদার খাবার পরিবেশনের লক্ষ্যে জ্যামাইকার ১৭৬ স্ট্রিট ও জ্যামাইকা এভেনুর উপর ২৬ জুন শুক্রবার জুম্মার নামাজের পর উদ্ভোধন ঘোষণা করা হলো 'আশা রেস্টুরেন্ট এন্ড পার্টি হল'। সুন্দর ও মনোরম পরিবেশে এবং আকর্ষণীয় সাজে সজ্জিত উক্ত প্রতিষ্ঠানটির কর্ণধার আকাশ রহমান ও তার সহধর্মিনী এশা রহমান একগুচ্ছ বেলুন উড়িয়ে এবং ফিতা কেটে উক্ত রেস্টুরেন্টটি শুভ সূচনা করেন। কাশেম মোহাম্মদ এর পরিচালনায় এ সময় উপস্থিত এরপর ৫২ পৃষ্ঠায়

## নিউইয়র্ক স্টেট বিএনপি ভার্চুয়াল পরিচিতি সভা

আজকাল রিপোর্ট

নিউইর্য়ক স্টেট বিএনপি'র ভার্চুয়াল পরিচিতি সভা গত ২৮ শে জুন বিএনপি'র আন্তর্জাতিক সম্পাদক আনোয়ার এইচ খোকনের উপস্থিতিতে অনুষ্ঠিত হয়। নিউইয়র্ক স্টেট বিএনপি-র সভাপতি অলিউল্যা আতিকুর রহমানের সভাপতিত্বে সভায় স্টেট বিএনপি'র নতুন কমিটি গঠনে আনোয়ার হোসেন খোকন স্টেট বিএনপির বিভিন্ন পর্যায়ের শতাধিক নেতা কর্মীর সঙ্গে সরাসরি কথা বলেন।

ভার্চুয়াল সভায় আরো সংযুক্ত ছিলেন নিউইয়র্ক স্টেট বিএনপির সম্মানিত সাধারণ সম্পাদক সাইদুর রহমান (সাইদ), সিনিয়র সহ-সভাপতি বি, পি জসিম উদ্দিন, সাংগঠনিক সম্পাদক রইচ উদ্দিন, প্রধান উপদেষ্টা শেখ ওয়াহিদুজ্জামান এর দোয়ার মাধ্যমে ভার্চুয়াল সভার কার্যক্রম শুরু হয়।

গ্রেটার বাফেলো বিএনপির উপদেষ্টা সিরাজউদ্দৌলা বাবুল, সভাপতি হাবিবুর রহমান এরপর ৫২ পৃষ্ঠায়

## সোনালী এক্সচেঞ্জের সিইওর সঙ্গে জর্জিয়ায় প্রবাসীদের মতবিনিময়

আজকাল রিপোর্ট

বাংলাদেশের রাষ্ট্রীয় ব্যাংক সোনালী ব্যাংকের চেয়ারম্যান (চলতি দায়িত্ব) ও সোনালী এক্সচেঞ্জ কোং ইনক., যুক্তরাষ্ট্রের চেয়ারম্যান মোহাম্মদ মাহবুবুর রহমান সম্প্রতি জর্জিয়ায় প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় করেন। জর্জিয়ায় সোনালী এক্সচেঞ্জের ব্যবসায়িক কার্যক্রম, রেগুলেটরি বিষয়াবলি এবং প্রবাসী বাংলাদেশিদের সঙ্গে মতবিনিময় করতে তিনি যুক্তরাষ্ট্র সফর করছেন।

১৫ জুন ২০২৬ তারিখ সোনালী এক্সচেঞ্জের আটলান্টা বুথে আয়োজিত গ্রাহক সমাবেশে চেয়ারম্যান মোহাম্মদ মাহবুবুর রহমান বাংলাদেশি কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, ব্যবসায়ী, গ্রাহক এবং রেমিট্যান্স প্রেরণকারীদের কাছে সোনালী এক্সচেঞ্জের এরপর ৫২ পৃষ্ঠায়



## আব্দুল বাছিতের স্মরণে জালালাবাদের দোয়া

আজকাল রিপোর্ট

জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা ইনক'র প্রথম নির্বাচিত সভাপতি মরহুম আব্দুল বাছিতের স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল গত ২৯ জুন নিউইয়র্কের ব্রঙ্কসে অবস্থিত হাসান চাইনিজ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। দোয়ায় বিপুল সংখ্যক জালালাবাদবাসী ও প্রবাসী বাংলাদেশি অংশ নেন।

সংগঠনের সভাপতি বদরুল হোসেন খানের সভাপতিত্বে এবং ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিমের সঞ্চালনায় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জালালাবাদ এসোসিয়েশন অব বাহরাইনের এরপর ৫২ পৃষ্ঠায়

## তোফায়েল আহমেদের স্মরণে নিউইয়র্কে সার্বজনীন শোক সভা

আজকাল রিপোর্ট

বাংলাদেশ আওয়ামী লীগের সাবেক উপদেষ্টা ও সাবেক মন্ত্রী তোফায়েল আহমেদের স্মরণে গত ২৮ জুন নিউইয়র্কের জ্যাকসন হাইটসের জুঁইস সেন্টারে এক সার্বজনীন শোক সভা অনুষ্ঠিত হয়।

শোকসভায় সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ছাত্রলীগ নেতা মোরশেদ আলম। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণ বিষয়ক সম্পাদক আমিনুল ইসলাম। বিশেষ অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা প্রদীপ রঞ্জন কর, বীর মুক্তিযোদ্ধা গোলাম মোস্তফা খান মিরাজ, সাপ্তাহিক ঠিকানার প্রধান সম্পাদক মুহাম্মদ ফজলুর রহমান, যুক্তরাষ্ট্র এরপর ৫২ পৃষ্ঠায়



## ব্রঙ্কসে আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালন

আজকাল রিপোর্ট

নিউইয়র্কের ব্রঙ্কসে গত ২৯ জুন বাংলাদেশ আওয়ামী লীগের ৭৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেছে ব্রঙ্কস আওয়ামী লীগ। বাংলাবাজারের পদ্মা সেলুন প্রাঙ্গণে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ব্রঙ্কস আওয়ামী লীগের সভাপতি আব্দুল মুহিত। যুবলীগ নেতা রেজা আব্দুল্লাহ এর সঞ্চালনায় প্রধান অতিথি ছিলেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আব্দুর রহিম বাদশা। বিশেষ অতিথি ছিলেন নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, উপদেষ্টা নুরুল আফসার সেন্টু, জালালাবাদ এরপর ২৮ পৃষ্ঠায়


GEHI & ASSOCIATES
Attorneys and Counselors at Law
www.gehilaw.com
JACKSON HEIGHTS OFFICE
ফ্রি কনসালটেশন
74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card? • Are you being deported? • Are you having credit card problems?
- Are you unable to pay your debts? • Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

• তুলনামূলকভাবে কম ফি • সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ



Asif Mortuza

# NY INSURANCE BROKERAGE INC

# আপনি কি TLC প্লেট নিতে চান??

**NY INSURANCE দিচ্ছে আপনাকে সেই সুযোগ**

যারা কোভিড-১৯ কালিন সময়ে (মার্চ ৭, ২০২০ থেকে সেপ্টেম্বর ১২, ২০২২)
প্লেট সারেন্ডার করেছেন কিন্তু নতুন করে প্লেট নেন নি,
তাদের জন্য টিএলসি নতুন করে প্লেট দিচ্ছে।

**এই সুযোগ গ্রহন করতে চাইলে NY INSURANCE-এ দ্রুত যোগাযোগ করুণ**

Design & Print by: ihopeprint.com, 929-538-7903



**CONTACT US:**

SCAN ME

**718-476-2025**

71-16 35th Avenue, Jackson Heights, NY 11372
office@nyinsuranceb.com www.nyinsurancebrokerage.us

# পেশাজীবীদের নিয়ে রাজনীতি, পেশাজীবীদের রাজনীতি

আলী ইমাম মজুমদার

রাষ্ট্রের মূল চালিকাশক্তি হলো, এর বিভিন্ন খাতের দক্ষ পেশাজীবী সমাজ। শিক্ষক, চিকিৎসক, প্রকৌশলী, বিজ্ঞানী কিংবা আমলা- তাদের সম্মিলিত মেধা ও শ্রমের ওপর ভর করেই একটি রাষ্ট্র কাঠামোগতভাবে দাঁড়িয়ে থাকে। কিন্তু বাংলাদেশের প্রশাসনিক ও প্রাতিষ্ঠানিক ইতিহাসে একটি দীর্ঘস্থায়ী ও অনাকাঙ্ক্ষিত সত্য হলো, ক্ষমতার প্রতিটি পটপরিবর্তনের সঙ্গে সঙ্গে পেশাজীবী সমাজ একধরনের টানাপড়েনের মুখোমুখি হয়। সম্প্রতি বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মেডিসিন বিশেষজ্ঞ অধ্যাপক ডা. এ বি এম আব্দুল্লাহর ইমেরিটাস অধ্যাপক পদ বাতিল এবং তার দীর্ঘদিনের বেতন-ভাতা ফেরত দেওয়ার সিদ্ধান্ত সমাজকে আরও একবার এই মৌলিক সংকটের মুখোমুখি দাঁড় করিয়েছে।

এ ঘটনাকে কোনো বিচ্ছিন্ন বিষয় হিসেবে দেখার সুযোগ নেই। এটি মূলত বাংলাদেশের চিরন্তন রাজনৈতিক সংস্কৃতির একটি অংশ, যেখানে ক্ষমতার বদল ঘটলেই শীর্ষস্থানীয় শিক্ষক, চিকিৎসক এবং আমলাদের ঢালাওভাবে 'বিগত সরকারের দোসর' কিংবা সহযোগী হিসেবে চিহ্নিত করার একধরনের প্রশাসনিক ও সামাজিক প্রবণতা দেখা যায়। ডা. আব্দুল্লাহর পাশাপাশি ডা. দ্বীন মোহাম্মদ, ডা. সামন্ত লাল সেন এবং ডা. প্রাণগোপাল দত্তের মতো চিকিৎসকরা তাদের পেশাগত ক্ষেত্র থেকে দূরে বা নিষ্ক্রিয় অবস্থানে রয়েছেন। অনেকে এজন্য শুধু গত ইন্টেরিম সরকারের ওপর দায় চাপাতে চায়; কিন্তু আমার পর্যবেক্ষণ বলছে- বাংলাদেশে সব সরকারের সময়ই এরকম ঘটনার উদাহরণ পাওয়া যাবে।

একটি রাষ্ট্র ও সমাজব্যবস্থার জন্য এ পরিস্থিতি গভীর পর্যালোচনার দাবি রাখে। অভিজ্ঞতার আলোকে যদি আমরা এ সংকটের বিশ্লেষণ করি, তবে দেখা যাবে এর দায় যেমন একপাক্ষিক নয়, তেমনি এর সমাধানও শুধু ব্যবস্থার পরিবর্তনের মধ্যে সীমাবদ্ধ নয়। এখানে যেমন জড়িয়ে রয়েছে 'পেশাজীবীদের নিয়ে রাজনীতি', তেমনি সমানভাবে ভূমিকা রাখছে 'পেশাজীবীদের নিজস্ব রাজনীতি'।

**মেধার অপচয় বনাম 'শুদ্ধি অভিযান'**

বাংলাদেশের ইতিহাসে যেকোনো গণঅভ্যুত্থান বা রাজনৈতিক পরিবর্তনের পর 'শুদ্ধি অভিযান' বা বড় ধরনের প্রশাসনিক রদবদলকে স্বাভাবিক প্রক্রিয়া হিসেবেই গণ্য করা হয়ে আসছে। নতুন সরকার বা ব্যবস্থা এসে প্রশাসনের শীর্ষ স্তরে নিজেদের নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করতে চায়, যা প্রাতিষ্ঠানিক ধারাবাহিকতা রক্ষার খাতিরে অনেক সময় প্রয়োজনীয় বলে মনে করা হয়। প্রশ্ন ওঠে তখনই, যখন এ রদবদলের হাওয়া পেশাগত দক্ষতার পরিমণ্ডলকে আঘাত করে।

যখন ডা. দ্বীন মোহাম্মদ, ডা. সামন্ত লাল সেন বা ডা. এ বি এম আব্দুল্লাহর মতো আন্তর্জাতিকভাবে স্বীকৃত এবং জাতীয় স্তরের বিশেষজ্ঞদের শুধু রাজনৈতিক পরিচয় বা পূর্ববর্তী সরকারের আমলের সংশ্লিষ্টতার কারণে মূল স্রোত থেকে দূরে সরিয়ে দেওয়া হয়, তখন দিনশেষে ক্ষতিটা কার হয়? চিকিৎসা বা শিক্ষার মতো সংবেদনশীল খাতগুলোতে মেধার কোনো রাজনৈতিক বিকল্প হয় না। একজন দক্ষ নিউরোলজিস্ট বা বার্ন বিশেষজ্ঞ তৈরি হতে রাষ্ট্রের বহু বছর সময় লাগে। ফলে রাজনৈতিক বা প্রশাসনিক কারণে যখন তারা নিষ্ক্রিয় হয়ে পড়েন, তখন প্রকারান্তরে দেশের সাধারণ জনগণই উন্নত ও বিশেষায়িত সেবা থেকে বঞ্চিত হয়। মেধার এ রাজনৈতিক অপচয় একটি উন্নয়নকামী রাষ্ট্রের প্রাতিষ্ঠানিক সক্ষমতাকে দীর্ঘমেয়াদে দুর্বল করে তোলে।



**রাজনীতি বনাম দীর্ঘদিনের অবদান: মূল্যায়ন পদ্ধতি**

একটি কল্যাণকামী ও সুশাসিত রাষ্ট্রে একজন শীর্ষ পেশাজীবীর মূল্যায়নের ভিত্তি কী হওয়া উচিত- তার আজীবনের পেশাগত সেবা ও মেধা, নাকি রাজনৈতিক সংশ্লিষ্টতা? এটি এক জটিল মনস্তাত্ত্বিক ও প্রশাসনিক প্রশ্ন। আলোচ্য চিকিৎসকদের মধ্যে কেউ কেউ সরাসরি দলীয় রাজনীতিতে যুক্ত ছিলেন, আবার কেউ কেউ ছিলেন পেশাগতভাবে শীর্ষস্থানীয় এবং তৎকালীন সরকার বা রাষ্ট্রপ্রধানের ঘনিষ্ঠ।

এখানে একটি সূক্ষ্ম পার্থক্য বোঝা প্রয়োজন। অনেকে হয়তো সরাসরি কোনো রাজনৈতিক দলের নীতিনির্ধারণে যুক্ত থাকেন না; কিন্তু তাদের পেশাগত অবস্থান ও দক্ষতার কারণে তারা সরকারের ঘনিষ্ঠ মহলে স্থান পান। তবে দুর্ভাগ্যজনকভাবে, বাংলাদেশের সামগ্রিক প্রেক্ষাপটে পেশাজীবী সমাজ ঢালাওভাবে রাজনীতিকীকরণের শিকার। যখন একটি পুরো পেশাজীবী সমাজ বা কোনো নির্দিষ্ট পেশাদার গোষ্ঠী সামগ্রিকভাবে দলীয় রাজনীতির সমীকরণে আবর্তিত হতে থাকে, তখন তার একটি সম্মিলিত নেতিবাচক প্রভাব পড়ে পুরো খাতের ওপর। ফলে যিনি সরাসরি রাজনীতির সঙ্গে যুক্ত নন; কিন্তু কোনোভাবে ব্যবস্থার অংশ ছিলেন, পরিস্থিতির শিকার হয়ে তাকেও একই ধরনের খেসারত দিতে হয়। পেশাগত মেধা এবং রাজনৈতিক আনুগত্যের মধ্যে স্পষ্ট সীমারেখা টানতে না পারাটাই আমাদের প্রশাসনিক ব্যবস্থার অন্যতম বড় বিচ্যুতি।

**প্রাতিষ্ঠানিক সিদ্ধান্ত এবং গণমাধ্যমের ভূমিকা**

শিক্ষক বা আমলাদের যেভাবে বিভিন্ন সময়ে তড়িঘড়ি করে অব্যাহতি দেওয়া হয়, ওএসডি করা হয়; কিংবা পদচ্যুত করা হয়- সেগুলোর আইনি ও প্রশাসনিক ভিত্তি নিয়ে প্রায়ই বিতর্ক ওঠে। অনেক সময় দেখা যায়, এ সিদ্ধান্তগুলোর পেছনে সরকারের সরাসরি কোনো

এরপর ৪৩ পৃষ্ঠায়



> এ আত্মঘাতী রাজনীতি পেশাজীবী সংগঠনগুলোর ভেতরে একধরনের স্থায়ী অবিশ্বাস ও বিভাজন সৃষ্টি করেছে। ফলে আজ যে পক্ষ ক্ষমতার ছায়ায় থেকে অন্যপক্ষকে সাফার করাচ্ছে, কাল যখন আবার সময় ও ক্ষমতার চাকা ঘুরে যাবে, তখন আজকের সুবিধাভোগীরাই আবার একই প্রক্রিয়ায় সাফার করবে। এ প্রতিশোধ ও প্রতিহিংসার বৃত্ত ভাঙা না গেলে কোনো প্রাতিষ্ঠানিক সংস্কারই স্থায়ী রূপ নিতে পারে না। মেধার রাজনৈতিক অপচয় এবং পেশাজীবীদের নিজেদের ভেতরের এ লেজুড়বৃত্তির সংস্কৃতি যদি বন্ধ না হয়, তবে কোনো প্রাতিষ্ঠানিক সংস্কারই ফলপ্রসূ হবে না। একটি টেকসই রাষ্ট্র গঠনে পেশাজীবীদের বিচার তাদের মেধা ও কর্মের ভিত্তিতে হওয়া বাঞ্ছনীয়, সাময়িক রাজনৈতিক সমীকরণে নয়

# মমতার ফেরা প্রায় অসম্ভব

অর্ক ভাদুড়ি

তৃণমূল কংগ্রেসের যাবতীয় পদ থেকে মমতা বন্দ্যোপাধ্যায় অপসারিত! আপাত অসম্ভব এই ঘটনা মাত্র কয়েক দিন আগেই ঘটে গিয়েছে পশ্চিমবঙ্গের রাজনীতিতে। কলকাতার নিউ টাউনের একটি হোটেলে বৈঠক করে তৃণমূল কংগ্রেসের নতুন জাতীয় কর্মসমিতি গঠন করেছেন দলটির দুই-তৃতীয়াংশের বেশি নির্বাচিত বিধায়ক। সেই কর্মসমিতিতে জায়গা হয়নি দলের প্রতিষ্ঠাতা মমতার।



তৃণমূল কংগ্রেস ও মমতা বন্দ্যোপাধ্যায় ভারতীয় রাজনীতিতে সমার্থক। মমতাকে ছাড়া তৃণমূলের কোনো অস্তিত্ব থাকা সম্ভব- দেড় মাস আগেও কারও পক্ষে এমন কিছু ভাবা অসম্ভব ছিল। ১৯৯৮ সালে জাতীয় কংগ্রেস থেকে বেরিয়ে এসে তৃণমূল কংগ্রেস গঠন করেন মমতা। সেই সময় মমতা অভিযোগ করতেন, কংগ্রেস হলো সিপিআইএম-এর 'বি টিম'।

মমতা তৃণমূল প্রতিষ্ঠা করার পরে পশ্চিমবঙ্গে তৃণমূলই হয়ে উঠল প্রধান বিরোধী দল। হতদরিদ্র পরিবার থেকে উঠে আসা মমতা ছিলেন যুব কংগ্রেসের নেত্রী। ১৯৮৪ সালের লোকসভা নির্বাচনে সোমনাথ চট্টোপাধ্যায়ের মতো হেভিওয়েট বামপন্থী নেতাকে পরাজিত করে গোটা দেশের নজরে আসেন তিনি। যুব কংগ্রেসের নেত্রী হিসেবে 'একুশে জুলাই' রক্তক্ষয়ী আন্দোলনে নেতৃত্ব দেন। বেশ কিছু কংগ্রেস কর্মীর মৃত্যু হয়। পশ্চিমবঙ্গের প্রদেশ কংগ্রেসের তৎকালীন প্রবীণ নেতাদের বিরুদ্ধে মমতার বিদ্রোহ দলের নিচুতলায় বিপুল সমর্থন পায়। সে সময় প্রদেশ কংগ্রেসের নেতৃত্বে একঝাঁক হেভিওয়েট নেতা- সোমেন মিত্র, প্রিয়রঞ্জন দাশমুন্সি, প্রণব মুখোপাধ্যায়, বরকত গনিখান চৌধুরী। কিন্তু জনপ্রিয়তায় মমতা তাদের সবাইকে পেছনে ফেলে দেন। প্রদেশ কংগ্রেসের সভাপতি পদ নিয়ে সোমেন মিত্রের সঙ্গে তার সংঘাত তীব্রতর হয়। তার কিছুদিন আগে কংগ্রেসের অন্তর্বিরোধের পরিপ্রেক্ষিতে নাটকীয়ভাবে মমতা আত্মহত্যার হুমকি দেন। যদিও কংগ্রেসের সর্বভারতীয় নেতৃত্বের সঙ্গে তার সুসম্পর্ক ছিল। বিশেষত, সোনিয়া গান্ধীর সঙ্গে মমতার হৃদ্যতা ছিল। কিন্তু পশ্চিমবঙ্গের কংগ্রেস নেতৃত্বের সঙ্গে মমতার দ্বন্দ্ব এতটাই তীব্র হয়ে উঠেছিল যে বিচ্ছেদ ছাড়া কারও কাছেই আর কোনো রাস্তা ছিল না। অবশেষে তিনি কংগ্রেস ছেড়ে তৃণমূল তৈরি করলেন। দাবি করলেন, পশ্চিমবঙ্গে তারাই 'আসল কংগ্রেস'। মজার বিষয় হলো, ২৮ বছর পর যারা মমতাকে বাদ দিয়ে তৃণমূলের নতুন কর্মসমিতি গঠন করলেন, তারাও নিজেদের 'আসল তৃণমূল' বলেই দাবি করছেন।

তিনি কংগ্রেস ছেড়ে তৃণমূল তৈরি করলেন। দাবি করলেন, পশ্চিমবঙ্গে তারাই 'আসল কংগ্রেস'। মজার বিষয় হলো, ২৮ বছর পর যারা মমতাকে বাদ দিয়ে তৃণমূলের নতুন কর্মসমিতি গঠন করলেন, তারাও নিজেদের 'আসল তৃণমূল' বলেই দাবি করছেন

তৃণমূল কংগ্রেস প্রতিষ্ঠার পর মমতা কখনো ভারতীয় জনতা পার্টির সঙ্গে জোট করেছেন, কখনো জোট করেছেন কংগ্রেসের সঙ্গে। সীমিত নির্বাচনী সাফল্য পেয়েছেন। পরিস্থিতির পরিবর্তন হয় ২০০৭ সাল থেকে। সিঙ্গুর ও নন্দীগ্রামে জমি অধিগ্রহণকে কেন্দ্র করে আন্দোলন শুরু হয়। সিপিআইএম ক্রমে জমি হারাতে শুরু করে। ২০০৯ সালের লোকসভা নির্বাচনে বিপুল শক্তি বৃদ্ধি হয় তৃণমূলের। তখন কংগ্রেসের সঙ্গে মমতার জোট, সঙ্গী বামপন্থী দল এসইউসি। ২০১১ সালের বিধানসভা নির্বাচনে রাজ্যের ৩৪ বছরের বামপন্থী শাসনের অবসান হয়। মমতা মুখ্যমন্ত্রী হন। টানা ১৫ বছর ক্ষমতায় থাকার পর সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে তিনি পরাজিত হলেন।

পরাজয়ের পরবর্তী সময়ে তৃণমূল কংগ্রেস যেভাবে তাসের ঘরের মতো ভেঙে পড়ছে, সেটি ভারতীয় রাজনীতিতে নজিরবিহীন, অস্বাভাবিক। ১৯৭৭ সালের লোকসভা নির্বাচনে ইন্দিরা গান্ধীর নেতৃত্বাধীন কংগ্রেসের পরাজয় গোটা দেশকে আলোড়িত করেছিল। মাত্র কয়েক বছরের মধ্যে ইন্দিরা দুর্দান্ত কামব্যাক করেছিলেন। তামিলনাড়ুতে জয়ললিতা নির্বাচনে পরাজিত হয়েছেন। বিহারে লালুপ্রসাদ যাদবের রাষ্ট্রীয় জনতা দল, উত্তরপ্রদেশে মুলায়ম সিং যাদব ও পরবর্তীকালে অখিলেশ যাদবের সমাজবাদী পার্টি, মায়াবতীর বহুজন সমাজ পার্টি বারবার নির্বাচনে পরাজিত হয়েছে। দিল্লিতে আম আদমি পার্টি, পাঞ্জাবি আকালি দল হেরেছে। কর্ণাটকে বহুবার হেরেছে প্রাক্তন প্রধানমন্ত্রী দেবগৌড়ার দল জেডি(এস)। কোথাও দেখা যায়নি পরাজিত দলটি মাত্র মাসখানেকের মধ্যে টুকরো টুকরো হয়ে যাচ্ছে বা দলের প্রধানকেই অপসারণ করা হচ্ছে।

তৃণমূল এখন কার্যত তিনটি টুকরো। একটি অংশ হলো পশ্চিমবঙ্গের বিধানসভায় নির্বাচিত অধিকাংশ সদস্যের গোষ্ঠীটি, যারা নিজেদের 'আসল তৃণমূল' বলে দাবি করছেন এবং মমতাকে বাদ দিয়ে জাতীয় কর্মসমিতি গঠন করে ফেলেছেন। এই অংশের নেতাদের মধ্যে উল্লেখযোগ্য হলেন- ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, অরূপ রায়, সন্দীপন সাহা, অরূপ বিশ্বাস প্রমুখ। তৃণমূলের দলীয় তহবিলও এই অংশের নিয়ন্ত্রণে যাওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। এই 'আসল তৃণমূল' খাতায়-কলমে পশ্চিমবঙ্গের বিধানসভার প্রধান বিরোধী দল। দ্বিতীয় অংশটি সক্রিয় রয়েছে দিল্লিতে। পশ্চিমবঙ্গে লোকসভা আসন ৪২টি। ২০২৪ সালে তৃণমূলের ২৯ জন জয়ী হয়েছিলেন। তাদের একজন

এরপর ৪৩ পৃষ্ঠায়





> ফলে ধীরে ধীরে সংখ্যালঘু সম্প্রদায়ের সমর্থন হারিয়েছেন মমতা। এত কিছুর পরও যে কথা না বললেই নয়, সদ্যসমাপ্ত বিধানসভা নির্বাচনে তৃণমূল যে ৪১ শতাংশ ভোট পেয়েছে, সেটি মমতার জন্যই পেয়েছে। যারা এখন নিজেদের 'আসল তৃণমূল' দাবি করছেন, তারা জিতেছেন মমতার ছবি পেছনে ছিল বলেই। কিন্তু সেটি কি তার রাজনৈতিক প্রত্যাবর্তনের জন্য যথেষ্ট? সম্ভবত না। মমতার বয়সও হয়েছে। তিনি সত্তরোর্ধ্ব। ফলে রাজপথের রাজনীতিতেও তার পক্ষে আগের মতো ঝড় তোলা কঠিন। ১৯৯৮ সালে কংগ্রেস ভেঙে তৃণমূলের জন্মলগ্নে বিজেপির সমর্থন ছিল। বিজেপির স্ট্র্যাটেজি ছিল রাজ্যে রাজ্যে কংগ্রেস ভেঙে আঞ্চলিক দল তৈরি করা। তৃণমূলের প্রথম জোটসঙ্গীও বিজেপি। ২৮ বছর পরে সেই বিজেপির হাতেই মমতা পতন হলো। আশু প্রত্যাবর্তনের সম্ভাবনাও চোখে পড়ছে না

# চীন-মার্কিন প্রতিযোগিতা: বাংলাদেশের জন্য সুযোগ না সংকট?

> শি জিনপিংয়ের বৈশ্বিক উদ্যোগগুলোর ব্যাপারে ভেবেচিন্তে কৌশলগত অবস্থান নেওয়া এবং একই সঙ্গে ভারত ও যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক সচল রাখা। চীন-মার্কিন প্রতিযোগিতা বাংলাদেশের জন্য সুযোগ না সংকট-এই প্রশ্নের উত্তর নির্ভর করবে বাংলাদেশের নেতৃত্বের বিচক্ষণতার ওপর। সুযোগ কাজে লাগাতে হলে প্রয়োজন কৌশলগত দূরদর্শিতা-কোনো একটি পরাশক্তির অত্যধিক কাছে না গিয়ে সকলের সঙ্গে কার্যকর সম্পর্ক বজায় রাখবার কূটনৈতিক প্রজ্ঞা। আর সংকট এড়াতে হলে প্রয়োজন আদর্শিক স্বচ্ছতা-বাংলাদেশের জনগণের গণতান্ত্রিক আকাঙ্ক্ষা ও সার্বভৌম মর্যাদার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ পররাষ্ট্রনীতি প্রণয়নের সদিচ্ছা। তিন স্রোতের মোহনায় দাঁড়িয়ে বাংলাদেশকে তাই খুঁজে নিতে হবে তার নিজস্ব পথ-বেইজিংয়ের কক্ষপথে বা ওয়াশিংটনের ছত্রছায়ায় নয়, বরং স্বাধীন ও সমতাভিত্তিক সম্পর্কের আলোকে

সাঈদ ইফতেখার আহমেদ




চীন, যুক্তরাষ্ট্র ও ভারত-এই তিন শক্তির মাঝে ভারসাম্য রক্ষা করে চলার কূটনীতিই বাংলাদেশের অর্থনৈতিক ও রাজনৈতিক স্থিতিশীলতা টিকিয়ে রাখার প্রধান শর্ত। ভারসাম্যে একটু নড়চড় হলে তার প্রভাব পড়বে আমাদের বিনিয়োগ থেকে শুরু করে সার্বভৌমত্বেও।

বাংলাদেশের পররাষ্ট্রনীতি আজ এমন এক সময়ে নতুন করে আলোচনায় আসছে, যখন বৈশ্বিক রাজনীতি দ্রুত পরিবর্তিত হচ্ছে এবং দক্ষিণ এশিয়া হয়ে উঠছে পরাশক্তিগুলোর প্রতিযোগিতার নতুন ক্ষেত্র। এই প্রেক্ষাপটে প্রধানমন্ত্রী তারেক রহমানের সাম্প্রতিক গণচীন সফর বিশেষভাবে তাৎপর্যপূর্ণ। নির্বাচিত হওয়ার পর প্রথম বিদেশ সফরে মাত্র আঠারো ঘণ্টা মালয়েশিয়া অবস্থান করে প্রধানমন্ত্রীর চীনে যাওয়া নিছক কূটনৈতিক সৌজন্যের অংশ নয়, বরং বাংলাদেশের পররাষ্ট্রনীতিকে কিছুটা ভিন্ন অভিমুখে নিয়ে যাওয়ার ইঙ্গিত-যদিও ভূরাজনৈতিক বাস্তবতায় বাংলাদেশের পক্ষে পুরোপুরি ভিন্ন পথে হাঁটা সম্ভব নয়।

চীনের সঙ্গে সম্পর্ক উন্নয়ন সহযোগিতার গণ্ডি ছাড়িয়ে ক্রমশ ভূরাজনৈতিক অবস্থানের প্রশ্নে পরিণত হচ্ছে। একই সময়ে চীন-মার্কিন প্রতিদ্বন্দ্বিতা বৈশ্বিক রাজনীতিকে নতুন রূপ দিচ্ছে, আর সেই প্রতিদ্বন্দ্বিতার ঢেউ এসে লাগছে বাংলাদেশের মতো ছোট দেশগুলোর দরজায়ও। প্রশ্ন হলো-এই পরিস্থিতি বাংলাদেশের জন্য সুযোগ তৈরি করছে, না সংকট?

বাংলাদেশ-চীন সম্পর্কের ঐতিহাসিক ভিত্তি : বাংলাদেশ ও চীনের সম্পর্কের সূচনা বৈরিতা দিয়ে-এটি আন্তর্জাতিক সম্পর্কের তত্ত্বে যাকে বলে 'স্বার্থের রাজনীতি', তার এক উজ্জ্বল দৃষ্টান্ত। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধের সময় চীন পাকিস্তানের পক্ষে অবস্থান নিয়েছিল। স্বাধীনতার পরও সেই বৈরিতা অব্যাহত থাকে। ১৯৭২ সালের ২৫ আগস্ট জাতিসংঘ নিরাপত্তা পরিষদে বাংলাদেশের সদস্যপদের প্রস্তাবে চীন ভেটো প্রদান করে-এটি ছিল জাতিসংঘে চীনের প্রথম ভেটো। পাকিস্তানের প্রতি কৌশলগত বিশ্বস্ততা রক্ষায় চীন সেদিন তৃতীয় বিশ্বের মুক্তিকামী জাতির 'স্বাভাবিক মিত্র' হিসেবে নিজের গড়ে তোলা ভাবমূর্তিকে প্রশ্নের মুখে ফেলেছিল। তখনকার আন্তর্জাতিক সংবাদমাধ্যম এই বৈপরীত্যকে ইতিহাসের পরিহাস বলে চিহ্নিত করে।



কিন্তু বৈশ্বিক রাজনীতিতে স্থায়ী শত্রু বা বন্ধু বলে কিছু নেই-আছে কেবল স্থায়ী স্বার্থ। মাত্র দুই বছরের মধ্যে পরিস্থিতি বদলে যায়। ১৯৭৪ সালে দুই দেশের মধ্যে প্রথম আনুষ্ঠানিক বাণিজ্যিক সম্পর্ক স্থাপিত হয় এবং ১৯৭৫ সালে রাজনৈতিক পটপরিবর্তনের পর চীন বাংলাদেশকে কূটনৈতিক স্বীকৃতি দেয়। এই স্বীকৃতি কেবল সৌজন্যের বিষয় নয়-এর পেছনে কাজ করেছে চীনের কৌশলগত সম্পর্কের পুনর্মূল্যায়ন।

পরবর্তী দশকগুলোতে এই সম্পর্ক ধীরে ধীরে বহুমাত্রিক রূপ নেয়। অর্থনৈতিক ক্ষেত্রে চীন বাংলাদেশের অবকাঠামো উন্নয়নে বিপুল বিনিয়োগ করে-পদ্মা সেতু রেল সংযোগ, কর্ণফুলী টানেল, পায়রা বন্দর এবং একাধিক বিদ্যুৎ প্রকল্প তার উজ্জ্বল উদাহরণ। বাণিজ্যিক সম্পর্কের দিক থেকে চীন এখন বাংলাদেশের সবচেয়ে বড় আমদানির উৎস-পোশাক শিল্পের কাঁচামাল, যন্ত্রপাতি এবং ভোগ্যপণ্যের বিশাল অংশ আসে চীন থেকে। সামরিক ক্ষেত্রেও চীন বাংলাদেশের প্রধান অস্ত্র সরবরাহকারী হিসেবে আবির্ভূত হয়েছে-যুদ্ধজাহাজ, সাবমেরিন, ট্যাংক ও যুদ্ধবিমান সরবরাহের মাধ্যমে দুই দেশের সামরিক সহযোগিতা কৌশলগত মাত্রা পেয়েছে।

তবে এই সম্পর্কের সবচেয়ে উল্লেখযোগ্য মাত্রা হলো চীনের বেল্ট অ্যান্ড রোড ইনিশিয়েটিভ বা বিআরআইতে বাংলাদেশের অংশগ্রহণ। ২০১৬ সালে শি জিনপিংয়ের ঢাকা সফরের পর বাংলাদেশ আনুষ্ঠানিকভাবে বিআরআইতে যোগ দেয়। এই উদ্যোগ শুধু সড়ক ও বন্দর নির্মাণের প্রকল্প নয়-চীনের বৈশ্বিক কৌশলগত উচ্চাকাঙ্ক্ষার একটি অংশ। একইভাবে শি জিনপিং প্রবর্তিত চারটি বৈশ্বিক উদ্যোগ-গ্লোবাল ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ, গ্লোবাল সিকিউরিটি ইনিশিয়েটিভ, গ্লোবাল সিভিলাইজেশন ইনিশিয়েটিভ এবং গ্লোবাল এআই গভর্ন্যান্স ইনিশিয়েটিভ-বিশ্লেষণ করলে স্পষ্ট হয় যে, চীন কেবল অর্থনৈতিক অংশীদারত্ব নয়, একটি বিকল্প বৈশ্বিক ব্যবস্থা গড়ে তুলতে চাইছে। এই ব্যবস্থার কেন্দ্রে রয়েছে 'চীনা বৈশিষ্ট্যসম্পন্ন সমাজতন্ত্র'-পশ্চিমা উদারনৈতিক গণতন্ত্রের বিকল্প হিসেবে উপস্থাপিত এক রাষ্ট্রব্যবস্থা।

বিশ্লেষকরা মনে করেন, এই উদ্যোগগুলোর মাধ্যমে চীন দীর্ঘমেয়াদে একটি সমাজতান্ত্রিক হেজিমনি প্রতিষ্ঠার দিকে এগোচ্ছে-আর বাংলাদেশকেও সেই বলয়ের মধ্যে নিতে চাইছে। ১৯৭২ সালে যে দেশ বাংলাদেশের জন্মকে অস্বীকার করেছিল, আজ সে দেশ বাংলাদেশের উন্নয়নের সবচেয়ে বড় অংশীদার-এই রূপান্তর নিছক বন্ধুত্বের গল্প নয়, স্বার্থের রাজনীতির বাস্তব পাঠ। কিন্তু এই স্বার্থ এখন আর কেবল দ্বিপক্ষীয় নয়-একটি বৈশ্বিক আদর্শিক প্রকল্পের অংশ। চীনা বৈশিষ্ট্যসম্পন্ন সমাজতন্ত্রের ভিত্তিতে পশ্চিমা ব্যবস্থার বিকল্প একটি বিশ্বব্যবস্থা গড়ে তোলার যে উচ্চাকাঙ্ক্ষা চীন লালন করে, বাংলাদেশের সঙ্গে সম্পর্কের গভীরতা তারই একটি অধ্যায়। তবে, চীন এই প্রকল্পকে সরাসরি 'সমাজতান্ত্রিক হেজিমনি' বলে না-বরং বলে 'বহুমেরু বিশ্ব' বা 'মানবজাতির অভিন্ন ভবিষ্যৎ'। এই কৌশলী ভাষ্যেই রয়েছে গ্লোবাল সাউথের

এরপর ৩৮ পৃষ্ঠায়



# এটর্নী মঈন চৌধুরী LAW OFFICES

## Toll Free: 1-866-MOIN-LAW
## Cell: 917-282-9256
**(To schedule appointment only)**


Michael Taub, Esq.


Moin Choudhury, Esq.

**এক্সিডেন্ট কেইসেস-মেডিক্যাল ম্যালপ্রেক্টিস**
## বিনামূল্যে পরামর্শ
**প্রয়োজনে এটর্নী বাসায় বা হাসপাতালে আসবেন**


- গাড়ী এক্সিডেন্ট
- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- ট্রিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- বিকলাঙ্গ শিশুর জন্ম
- লেড পয়জনিং
- কাজের জায়গায় দুর্ঘটনা

## IMMIGRATION
(Consultation fee applies)







## ক্লায়েন্টেদের জন্য আমরা মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি


Attorney
Michigan Only.


Attorney
Michigan Only.


Attorney
New Jersey Only


Attorney, Buffalo
New York Only


Attorney
Connecticut Only



Attorney
Pennsylvania Only

## WWW.MOINLAW.COM

Prior result does not guarantee future outcome of any cases. Moin Choudhury is admitted in Michigan State only and also admitted in the Supreme Court of the United States.
Michael Taub is admitted in New York State Only and also admitted in the NY Federal District Courts.

# বিশ্বকাপে ইরানি মহাকাব্য

সৈয়দ ফায়েজ আহমেদ



যুক্তরাষ্ট্র নানাভাবে ইরানকে দমাতে চেয়েছে, লাঞ্ছিত করেছে। চেয়েছে অপমান করে হারিয়ে দিতে। আর ফিফা গোটা সময়টায় ছিল ঠুঁটো জগন্নাথ।

মহাকাব্যের নায়কেরা নাকি সব সময় হেরে যান। দাবিটার সঙ্গে চুলচেরা হিসাব-নিকাশ করা একাডেমিকরা একমত না হলেও মিথের জন্মের জন্য পরাজিত নায়ক সবচেয়ে গুরুত্বপূর্ণ। নিজেদের সবটা দিয়ে তাঁরা মানবতাকে জিতিয়ে দেন, নিষ্ঠুর এই দুনিয়ার সব ক্রূরতাকে উন্মোচন করে ক্রুশবিদ্ধ মহানায়কেরা জাগতিক সব পাপ গায়ে মেখে পাপী-তাপীদের আরেকটা সুযোগ করে দেন।

এ দুনিয়ার নোংরাগুলোর বিরুদ্ধে লড়াইরত এই বীরেরা আমাদের জন্য আশা জ্বালিয়ে দিয়ে যান লড়াইয়ের, প্রেরণা দেন নতুন স্বপ্নের। এ কারণেই মানুষের ইতিহাসে মিথ সবচেয়ে জরুরি, জরুরি মহাকাব্যের নায়কেরা। কিন্তু মহাকাব্যের নায়ক কি কেবল প্রাচীন যুগের মিথের গল্পেই থাকে?

আধুনিক যুগে কি মহাকাব্যের নায়কেরা জন্মান না? অবশ্যই জন্মান। আমাদের চোখের সামনেই তেমনই একদল মহানায়ককে আমরা দেখলাম শক্তিমানদের সব নোংরামির বিরুদ্ধে নিজেদের সবটা দিয়ে লড়াই করতে। শেষ পর্যন্ত তাঁরা জ্বলেপুড়ে মরে ছারখার হন, কিন্তু তাঁরা মাথা নোয়ান না।

'দ্য ওল্ড ম্যান অ্যান্ড দ্য সি'-এর বুড়োটার মতো তাঁদের ধ্বংস করা হয়, কিন্তু তাঁদের হারানো যায় না। হাজার হাজার বছরের ইতিহাসের ধারাকে বজায় রেখে সম্রাট দারিউস দ্য গ্রেটের উত্তরপুরুষেরা আমাদের সামনে দেদীপ্যমান হয়ে ওঠেন। আমাদের আধুনিক মহাকাব্যের নায়ক হয়ে ওঠে ইরানি ফুটবল দল।

বিশ্বের সবচেয়ে বড় আসর বিশ্বকাপ ফুটবল এবার আয়োজিত হচ্ছে যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে। এর আয়োজক ফিফা, যাদের সদস্যসংখ্যা জাতিসংঘের চেয়ে বেশি এবং যারা প্রায় ১০০ বছর আগে এই আসরের সূচনা করেছিল বিশ্ব ভ্রাতৃত্ব আর মৈত্রীর মহান ব্রত নিয়ে, তারা পরিণত হয়েছে যেকোনো প্রকারে অর্থ ও ক্ষমতা অর্জনের লোভী দানবে।

ইউক্রেনে হামলার প্রতিবাদে ফিফা রাশিয়াকে নিষিদ্ধ করেছে, যদিও এই রাশিয়াই আয়োজক ছিল আট বছর আগে। পাশের দেশ ইউক্রেনে হামলার জন্য যদি রাশিয়া নিষিদ্ধ হতে পারে, বহুদূরের দেশ ইরানে হামলার জন্য যুক্তরাষ্ট্রেরও নিষিদ্ধ হওয়ার কথা। তবে একচক্ষু দানব সাইক্লপসের মতো ফিফা বিশ্বমোড়লদের ঘাঁটায় না, উল্টো তাদের তোষামোদ করে। কেবল অন্যায় যুদ্ধই নয়, মেনে নেয় সব অন্যায় আচরণও।



ট্রাম্পের উন্মাদনা ও বিপুল হামলার পরও ইরানকে ধ্বংস করা যায়নি। উল্টো তারা অনবদ্য প্রতিরোধগাথা রচনা করেছে। শুধু তা-ই না, বৈশ্বিক চেতনাকে সম্মান জানাতে যুদ্ধবিধ্বস্ত দেশটির ফুটবল দল অংশ নিয়েছে বিশ্বকাপে।

'হাজার বছরের প্রাচীন পারস্য থেকে আজকের সভ্য ইরান পর্যন্ত ইরানের চেতনা আজও জীবন্ত ও অটল। আমরা গর্ব নিয়ে লস অ্যাঞ্জেলেসে এসেছিলাম, সম্মানের সঙ্গে খেলেছি এবং মর্যাদা নিয়ে বিদায় নিচ্ছি। লস অ্যাঞ্জেলেসকে তাদের আতিথেয়তার জন্য ধন্যবাদ। আর ইরানের জন্য এই ১৮০ মিনিটে যাঁরা হৃদয়, কণ্ঠ ও আত্মা উজাড় করে সমর্থন দিয়েছেন, সেই প্রত্যেক ইরানিকে ধন্যবাদ। পৃথিবীর সব জাতির মধ্যে শান্তি, পারস্পরিক শ্রদ্ধা ও বন্ধুত্ব প্রতিষ্ঠিত হোক।'

কিন্তু এই আসর শুরু থেকেই বেশ কয়েকটি বিতর্কে জড়িয়ে পড়েছে। যুক্তরাষ্ট্র নানাভাবে ইরানকে দমাতে চেয়েছে, লাঞ্ছিত করেছে। চেয়েছে অপমান করে হারিয়ে দিতে। আর ফিফা গোটা সময়টায় ছিল ঠুঁটো জগন্নাথ।

যেহেতু গ্রুপ পর্বের তিনটি খেলাই যুক্তরাষ্ট্রে, তাই স্বাভাবিকভাবেই ইরানের ফুটবল ফেডারেশন শুরুতে সে দেশের অ্যারিজোনায় প্রশিক্ষণ ক্যাম্প স্থাপনের পরিকল্পনা করেছিল। কিন্তু ভিসা জটিলতার কারণে এ সিদ্ধান্ত বদলাতে হয়। প্রশাসনিক ও কারিগরি কর্মীদের ভিসা প্রদানে অনিশ্চয়তার কারণে দলটি শেষ পর্যন্ত মেক্সিকো সীমান্তের কাছে তিহুয়ানায় তাদের বেস স্থাপন করতে বাধ্য হয়।

ইরান দল তুরস্কের আনতালিয়ায় প্রায় তিন সপ্তাহ প্রশিক্ষণ নেওয়ার পর তিহুয়ানায় আসে। খেলোয়াড়দের মার্কিন ভিসা দেওয়া হয়েছিল প্রথম ম্যাচের মাত্র ১০ দিন আগে। তবে দলের মোট ১৪ জন সাপোর্ট স্টাফ সদস্যকে যুক্তরাষ্ট্রে প্রবেশের ভিসা দেওয়া হয়নি। ফিফা এ ব্যাপারে কিছুই করতে পারেনি।

টুর্নামেন্টের সবচেয়ে বড় বৈষম্যগুলোর একটি হলো ইরান দলকে প্রতিটি ম্যাচের আগে মাত্র ২৪ ঘণ্টার মধ্যে যুক্তরাষ্ট্রে প্রবেশ করতে হতো এবং ম্যাচ শেষ হওয়ার পরপরই ফিরে যেতে হতো। ইরানকে প্রতিটি ম্যাচের মাত্র ২৪ ঘণ্টা আগে ভেন্যুতে যাওয়ার এবং ম্যাচ শেষ হওয়ার পরপরই তিহুয়ানায় ফিরে যাওয়ার বিধান মেনে চলতে হচ্ছিল। বিশ্বকাপের মতো আসর তো দূরের কথা, অখ্যাত লীগের খেলোয়াড়দেরও খেলার পর রিকভারি সময় লাগে। তা না পেলে শারীরিক ও মানসিক বিপর্যয় অবশ্যম্ভাবী হয়ে ওঠে।

ইরানের কোচ আমির গালেনোয়ি বলেন, 'যখন আপনি একটি ম্যাচ খেলেন, শারীরিকভাবে আপনি পরে দুর্বল থাকেন। আর যদি সঙ্গে সঙ্গে তিন ঘণ্টার ফ্লাইটে উঠতে হয়, তাহলে রিকভারি প্রক্রিয়া বিলম্বিত হয়। তারা এটা তিনবার করেছে। তাদের আচরণ সত্যিই ভয়াবহ ছিল।'

এই কাজ টুর্নামেন্টের বিধির সঙ্গে এরপর ৪০ পৃষ্ঠায়

> বেলজিয়ামের বিপক্ষে ম্যাচ শেষে ড্রেসিংরুমে রেখে যাওয়া ইরানি দলের চিঠিতে লেখা ছিল: 'হাজার বছরের প্রাচীন পারস্য থেকে আজকের সভ্য ইরান পর্যন্ত ইরানের চেতনা আজও জীবন্ত ও অটল। আমরা গর্ব নিয়ে লস অ্যাঞ্জেলেসে এসেছিলাম, সম্মানের সঙ্গে খেলেছি এবং মর্যাদা নিয়ে বিদায় নিচ্ছি। লস অ্যাঞ্জেলেসকে তাদের আতিথেয়তার জন্য ধন্যবাদ। আর ইরানের জন্য এই ১৮০ মিনিটে যাঁরা হৃদয়, কণ্ঠ ও আত্মা উজাড় করে সমর্থন দিয়েছেন, সেই প্রত্যেক ইরানিকে ধন্যবাদ। পৃথিবীর সব জাতির মধ্যে শান্তি, পারস্পরিক শ্রদ্ধা ও বন্ধুত্ব প্রতিষ্ঠিত হোক।' ইরানের এই হার না-মানা হার আসলে বিশ্বকাপ জয়ের সমান। ইরানের এই বার্তা আমাদের বিশ্বকাপ ট্রফি। মহাকাব্যের নায়কদের মতো ইরানিরা নিজেরা বিদায় নিয়ে আমাদের জন্য রেখে গেছে লড়াইয়ের দুর্দান্ত অনুপ্রেরণার গল্প

# বিশ্বকাপের বল ঠিক আছে তো

মৃণাল সাহা

এবারের বিশ্বকাপকে ছোট দলের বড় গোলরক্ষকের বিশ্বকাপ বললে কি খুব একটা ক্ষতি হবে? কেপ ভার্দের দুর্দান্ত ভোজিনিয়া একটি গোলও হতে দেননি স্পেনের বিপক্ষে। কুরাসাওয়ের গোলরক্ষক এলয় রম এক ম্যাচে সেভ দিয়েছেন ১৫টি।

ইরানের আলী রেজা বেইরানভান্দ আটকে দিয়েছেন বেলজিয়ামকে। তথাকথিত 'ছোট' দলের বড় গোলকিপাররা একের পর এক দুর্দান্ত পারফরম্যান্সই উপহার দিয়ে যাচ্ছেন। মুদ্রার ঠিক উল্টো অবস্থা ক্লাব ফুটবলে পরিচিত মুখগুলোর। ইংল্যান্ডের জর্ডান পিকফোর্ড, সেনেগালের এদুয়ার্দো মেন্দি থেকে শুরু করে বেলজিয়ামের থিবো কর্তোয়া, জার্মানির মানুয়েল নয়্যার-বড় বড় নাম বিশ্বকাপে নিজেদের প্রতি ঠিক সুবিচার করতে পারছে না।



তাদের পারফরম্যান্সে মরিচা ধরেছে বলেই মনে হচ্ছে। তা বয়সের ছাপ খেলায় পড়তেই পারে। কিন্তু বয়স ছাপিয়ে বিশ্বকাপে এই বাজে পারফরম্যান্সের পেছনে বলের কারসাজি নেই তো!

প্রতি বিশ্বকাপেই নতুন বল তৈরি করে জার্মান কোম্পানি অ্যাডিডাস। ফিফার সঙ্গে বল নিয়ে বিশাল চুক্তি তাদের। নিত্যনতুন প্রযুক্তি দিয়ে বলকে করা হয়েছে আরও নিখুঁত। এবারের বিশ্বকাপের বল 'ত্রিওনদা'তে রয়েছে এমন প্রযুক্তি, যাতে বলে লাগা প্রতিটি স্পর্শ পুঙ্খানুপুঙ্খভাবে হিসাব করা যাবে।

মরক্কোর বিপক্ষে টাইব্রেকারে বলটা যেন অচেনাই লেগেছিল ডাচদের। স্নিকোমিটারের সাহায্যে ধরা পড়েছে ভুল পরিমাপ অফসাইড, সামান্য হ্যান্ডবলও। তবু প্রশ্নটা এসেই পড়ে-বিশ্বকাপে বড় বড় গোলরক্ষকের ভুল করার পেছনেও 'ত্রিওনদা'র ভূমিকা নেই তো?

প্রশ্নটা তুলেছেন ইংল্যান্ডের একসময়ের অবসর পাত্র জো হার্ট ও প্রিমিয়ার লিগজয়ী তারকা ক্যাসপার স্মাইকেল। স্মাইকেলের অভিযোগ উড়িয়ে দেওয়া যায় না, কারণ, 'ত্রিওনদা' বলটাকে প্রথম কাছ থেকে দেখাদের মধ্যে তিনিও ছিলেন।

এই বলের সঙ্গে স্মাইকেলের পরিচয় ২০২৫ সালের অক্টোবরে। সেদিনই চেক রিপাবলিকের বিপক্ষে বাছাইপর্বে হেরে বিশ্বকাপের স্বপ্ন ধূলিসাৎ হয় ডেনমার্কের। এরপর ফুটবল থেকে বিদায়ের ঘোষণা দেন তিনি। বলের সঙ্গে স্মাইকেলের মনোমালিন্য থাকাটা তাই অস্বাভাবিক নয়। তাঁর মতে, 'বলটা তৈরি করা হয়েছে মাত্র চারটি প্যানেল দিয়ে।

কোনো সেলাই নেই, একসঙ্গে জোড়া দেওয়া। এই বল দিয়ে যখন ভিন্ন ভিন্ন আবহাওয়ায় খেলা হয়, তখন বাতাসের সঙ্গে মিলে বল তেমন একটা ঘোরে না। বাতাসে একটু কম ভাসে। এক সেকেন্ডের তারতম্যও অনেক বড় পার্থক্য গড়ে দেয়।'

বিশ্বকাপে এবার ডি-বক্সের বাইরে থেকে গোল হয়েছে মোট ২৮টি। ক্রোয়েশিয়ার বিপক্ষে পিকফোর্ড, মেসির বিপক্ষে লুকা জিদান কিংবা এমবাপ্পের বিপক্ষে এদুয়ার্দু মেন্দি-সবাইকেই হতে হয়েছে একই অভিজ্ঞতার মুখোমুখি। বলটা দেখলেও শেষ মুহূর্তের সামান্য গোলমালে বল থামাতে পারেননি।

বিশ্বকাপে এবার ডি-বক্সের বাইরে এরপর ২৭ পৃষ্ঠায়




> এই বলের সঙ্গে স্মাইকেলের পরিচয় ২০২৫ সালের অক্টোবরে। সেদিনই চেক রিপাবলিকের বিপক্ষে বাছাইপর্বে হেরে বিশ্বকাপের স্বপ্ন ধূলিসাৎ হয় ডেনমার্কের। এরপর ফুটবল থেকে বিদায়ের ঘোষণা দেন তিনি। বলের সঙ্গে স্মাইকেলের মনোমালিন্য থাকাটা তাই অস্বাভাবিক নয়। তাঁর মতে, 'বলটা তৈরি করা হয়েছে মাত্র চারটি প্যানেল দিয়ে। কোনো সেলাই নেই, একসঙ্গে জোড়া দেওয়া। এই বল দিয়ে যখন ভিন্ন ভিন্ন আবহাওয়ায় খেলা হয়, তখন বাতাসের সঙ্গে মিলে বল তেমন একটা ঘোরে না। বাতাসে একটু কম ভাসে। এক সেকেন্ডের তারতম্যও অনেক বড় পার্থক্য গড়ে দেয়।' বিশ্বকাপে এবার ডি-বক্সের বাইরে থেকে গোল হয়েছে মোট ২৮টি

> বলটা দেখলেও শেষ মুহূর্তের সামান্য গোলমালে বল থামাতে পারেননি। বিশ্বকাপে এবার ডি-বক্সের বাইরে থেকে গোল হয়েছে মোট ২৮টি। এক বিশ্বকাপে ডি-বক্সের বাইরে থেকে সর্বোচ্চ গোলের রেকর্ড ৩০টি, সেটিও হয়েছিল ১৯৯৪ সালে, শেষ যেবার বিশ্বকাপ হয়েছিল যুক্তরাষ্ট্রে। এবার গোলরক্ষকের ভুলে বা বলে হাতের স্পর্শ লেগে গোল হওয়ার ঘটনা ঘটেছে ১২ বার। পডকাস্টে একই অভিযোগ তুলেছেন ইংল্যান্ডের সাবেক গোলরক্ষক জো হার্টও। 'এই বিশ্বকাপে দেখছি, গোলরক্ষকেরা সহজ শট হাতে লাগাতে পারছেন, কিন্তু থামাতে পারছেন না। এর আগে কখনো দেখেছেন গোলরক্ষকের হাতে লেগে বল জালে ঢুকে যাচ্ছে? কিছু তো একটা ঘটছে বিশ্বকাপে, যা আমরা জানি না'

# দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন

## স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০

- ওমরাহ প্যাকেজ
- ওমরাহ ভিসা
- মোয়াল্লেম
- হোটেল ও ট্রান্সপোর্ট

## বিশ্বের সকল দেশের ভিসা প্রসেসিং করা হয়



Mohammad B Hossain (Belal)
President & CEO

সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি

৭৪৯
JFK-Dhaka-JFK Return

আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত

DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD AIRWAYS
QATAR AIRWAYS
Emirates
KUWAIT AIRWAYS

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট

# BANGLA TRAVELS
## JACKSON HEIGHTS NEW YORK

আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার

বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।



আবু তাহের খান — ট্রাভেল কনসালটেন্ট
কাঞ্চন — ট্রাভেল কনসালটেন্ট
জামান রঞ্জু — ট্রাভেল কনসালটেন্ট
কে.এম. শহিদ — ট্রাভেল কনসালটেন্ট
মাহির — ট্রাভেল কনসালটেন্ট
জাহাঙ্গীর — ট্রাভেল কনসালটেন্ট
নিলয় — ট্রাভেল কনসালটেন্ট

**NEW YORK OFFICE**
73-05 37th Road,
Jackson Heights
NY 11372

**ATLANTA OFFICE**
4229 1st Ave, Suite B,
Tucker, GA 30084
Tel: 404-704-7753

**DHAKA OFFICE**
Floor #03, House #09
Road # 17, Block-E,
Banani, Dhaka-1213
+88 01711256872

**Phone: 917-396-4140, 917-592-7828**

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I
NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC. BO2902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

PLATES
NEW, SURRENDER & TRANSFER

TITLE
NEW & DUPLICATE TITLE REQUEST

REGISTRATION
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR


ZILLUR TAX ACCOUNTING
& INSURANCE SERVICES
• Tax Filing & Payroll
• IRS Audit Assistance
• Insurance &
• Real Estate Services
Zillur Rahim
EA, CAA, MBA
IRS Enrolled Agent
• OUR SERVICES
Personal Tax Filing
Business Tax Filing
New Business Setup
Home & Business Insurance
Immigration Services
ITIN Number Application
Notary Services
zillurincometaxnyc@gmail.com
www.zillurtaxandinsurance.com
Cell: 646-322-3254
Office: 718-374-3110
88-11 169 Street, 2nd Floor
Jamaica, NY 11432


IMMIGRATION
ইমিগ্রেশন
TRANSLATION
TAX FILING
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Legal Investigator
• ইমিগ্রেশন • অ্যাসাইলাম
• অ্যাক্সিডেন্ট • পারসোনাল ইনজুরি
• ডিভোর্স (আনকনটেস্টেড)
631-805-1051
Primavera 37-07 74th Street, Suite #3
Jackson Heights, NY 11372
We Work with
BHATTA LAW & ASSOCIATES


www.careeracademyny.com
CAREER ACADEMY
OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA
CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF
SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ
GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208

আপনার ঘর বা ব্যবসার জন্য
সিকিউরিটি ক্যামেরা ও ভিডিও ডোরবেল দরকার?

- রেসিডেনসিয়াল ও বিজনেসের জন্য ইনডোর ও আউটডোর ইনস্টলেশন।
- প্রফেশনাল সার্ভিস ।

বিস্তারিত জানতে যোগাযোগ করুন
929-365-1935



# গাজীপুর সোসাইটির বনভোজনে

আজকাল রিপোর্ট

গাজীপুর সোসাইটি অব ইউএসএ ইনক'র জমকালো পিকনিক গত ২৮ শে জুন নিউইয়র্কের অদূরে লং আইল্যান্ডের হেকশেয়ার স্টেট পার্কের মনোরম পরিবেশ অনুষ্ঠিত হয়। পিকনিকে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাজীপুর



সোসাইটির প্রধান উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা তমিজ উদ্দিন আহমেদ, বিশেষ অতিথি হিসেবে ছিলেন আশা গ্রুপের চেয়ারম্যান ও সিইও ইঞ্জিনিয়ার আকাশ রহমান ও এশা রহমান। সম্মানিত অতিথি ছিলেন অ্যাটর্নি মইন চৌধুরী। পিকনিক কমিটির সদস্য ছিলেন গাজীপুর সোসাইটি সভাপতি মোমেন সরকার, সাধারণ সম্পাদক এস আনোয়ার ইমনে আলী। আয়োজনের আহবায়ক ছিলেন চাঁদ মিয়া, সদস্য সচিব মোঃ আসাদুজ্জামান (ভূঁইয়া শাহীন )। সহযোগিতায় ছিলেন আসাদুজ্জামান বকুল, পরিচালনায় মোঃ জহিরুল হক। আয়োজনে গ্রেন্ড স্পনসর হিসেবে ছিল-আশা গ্রুপ, নাইম এস আহমেদ, এটর্নী মইন চৌধুরী সহ আরো অনেকে। আমন্ত্রিত অতিথি হিসেবে ছিলেন ইনজিনিয়ার জালাল উদ্দিন আহমেদ, ওয়াদুদ ভুঁইয়া, কামরুজ্জামান, ফরিদ আহমেদ, শাহীন, বিপ্লব, রশিদ, কবির, কুষ্টিয়া জেলার সভাপতি জালাল উদ্দিন ও আব্দুর রাজ্জাক। পিকনিক উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে গাজীপুর সোসাইটির সভাপতি মোমেন সরকার বলেন, সবার সম্মিলিত প্রচেষ্টায় আমরা এমন একটি পিকনিক আয়োজন করতে পেরেছি। আগামীতে আরও সুন্দরভাবে সবার পরামর্শ নিয়ে পিকনিকের আয়োজন করা হবে। পিকনিকের প্রধান অতিথি বীর মুক্তিযোদ্ধা তমিজ উদ্দিন আহমেদ বলেন, প্রবাসে আমরা আমাদের ঐতিহ্য ও ধর্মীয় মূল্যবোধ বজায় রাখতে চাই। ইঞ্জিনিয়ার আকাশ রহমান বলেন, প্রবাসে থেকেও আমরা গাজীপুরবাসীর পাশে থাকতে চাই সব সময়ে। পিছিয়ে পড়া বাংলাদেশী বিপদগ্রস্ত মানুষের পাশে দাড়াতে চান আশা ফাউন্ডেশন। শিশু থেকে শুরু করে বিভিন্ন বয়সের নানা শ্রেণিপেশা মানুষ এই আয়োজন উপভোগ করেন। বনভোজনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিভিন্ন ধরনের খেলার আয়োজন ছিল। এছাড়া ছিল র‌্যাফেল ড্র।

কোলাহল মুক্ত পরিবেশে আনন্দে মেতে উঠেন সবাই। এই আয়োজন প্রবাসী বাংলাদেশি গাজীপুর বাসীর ঐক্যবদ্ধ প্রচেষ্টার প্রতিফলন। আয়োজকরা জানান, এ ধরনের আয়োজন প্রবাসে বাংলাদেশের ইতিহাস, ঐতিহ্য এবং সংস্কৃতিকে ছড়িয়ে দিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। ভবিষ্যতেও এমন আয়োজনে সক্রিয় থাকার অঙ্গীকারও ব্যক্ত করেন।

এস্টোরিয়ায় বাংলাদেশী মালিকানাধীন বিশ্বস্থ অটো রিপেয়ার শপ

Open 24 Hours

UA REPAIR

Body Work
Computerized wheel Alignment
Complete Mechanical Work
Rebuild Transmission
Tires & Wheel Balancing
N.Y.S. Inspection
Low Price & Fully Guaranteed

United
Auto Repair & Body Shop, Inc.

Contact: Azam Tel: 718-786-6677
Cell: 917-567-3637, Email: unitedautony@gmail.com

- ১০০% গ্যারান্টি সহ যাবতীয় রিপেয়ার
- দক্ষ মেকানিকের দ্বারা ত্রুটি নির্ণয়
- সুলভ মূল্যে ফুল অটো রিপেয়ার
- নতুন ও রিবিল্ড ট্রান্সমিশন স্থাপন

31 Street
38 Avenue

ইউনাইটেড অটো রিপেয়ার
ইয়েলো ক্যাব, লিমোজিন ও লিভারীর জন্য বিশেষ ছাড়
38-06 31st Street (Betn. 38th & 39th Ave.), Astoria, NY 11101



# সন্ত্রাসবাদ মোকাবিলায় জোরালো সহযোগিতার আহ্বান বাংলাদেশের

৬২ পৃষ্ঠার পর

গত ১ জুলাই নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদে জাতিসংঘের বৈশ্বিক সন্ত্রাসবাদবিরোধী কৌশল বিষয়ক বিতর্কে বক্তব্য প্রদানকালে জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত সালাহউদ্দিন নোমান চৌধুরী সন্ত্রাসবাদ ও সহিংস উগ্রবাদের বিরুদ্ধে বাংলাদেশের 'শূন্য সহনশীলতা' নীতির পুনর্ব্যক্ত করেন।

তিনি বলেন, সন্ত্রাসবাদ ও সন্ত্রাসে অর্থায়ন মোকাবিলায় বাংলাদেশের একটি শক্তিশালী আইনগত ও প্রাতিষ্ঠানিক কাঠামো রয়েছে। একই সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী, গোয়েন্দা সংস্থা ও আর্থিক গোয়েন্দা ইউনিটের সমন্বিত উদ্যোগের মাধ্যমে সন্ত্রাসবাদ প্রতিরোধে কার্যকর ব্যবস্থা জোরদার করা হয়েছে।

রাষ্ট্রদূত চৌধুরী বলেন, সন্ত্রাসবাদ মোকাবিলায় গৃহীত সব পদক্ষেপ অবশ্যই আইনের শাসন ও মানবাধিকারের প্রতি পূর্ণ শ্রদ্ধার ভিত্তিতে পরিচালিত হতে হবে। তিনি সন্ত্রাসবাদের মূল কারণ মোকাবিলা, উপনিবেশ ও বিদ্বেষমূলক বক্তব্য প্রতিরোধ এবং উন্নয়নশীল দেশগুলোর সক্ষমতা বৃদ্ধিতে আন্তর্জাতিক সহযোগিতা আরও জোরদারের আহ্বান জানান।

# এই সপ্তাহের কবিতা



## তুরাগ নদীর জলে ভেসে ওঠে লাশ...
### লুৎফর রহমান রিটন

একটা শ্লোগানে তোরা এতো ভয় পাস?
তুরাগ নদীর জলে ভেসে ওঠে লাশ....!
মিছিলের শ্লোগানের সাহসী তরুণ--
বুকের রক্তে জ্বালে দ্রোহের আগুন!
খুনের চিহ্ন দেখি তুরাগের গায়
'জয় বাংলা'র জয় হবে পুনরায়।
একটা শ্লোগানে তোরা এতো ভয় পাস!?
শ্লোগানের বিপরীতে লাল সন্ত্রাস!
তরুণের খুনে রাঙা তুরাগের জল--
কলোকল হলোহল করে অবিরল--
জলের কসম লাগে ওরে তোরা আয়
'জয় বাংলা'র জয় হবে পুনরায়....
একটা শ্লোগানে তোরা এতো ভয় পাস?
কান পেতে শোন দ্যাখ কী বলে আকাশ?
কী বলে পাহাড় নদী মৃত্তিকা ঘাস?
থানার হাজতে-জেলে প্রতিদিন লাশ...
আহারে সোনার ছেলে জলে ভেসে যায়!
'জয় বাংলা'র জয় হবে পুনরায়....
একটা শ্লোগানে তোরা এতো ভয় পাস?
মৃত্যুর পরোয়ানা? তরুণের ত্রাস?
বাগেশ্রী-খাম্বাজ বাজে রুনঝুন?
মৃত্যুর ছায়া দেখে রাত নির্ঘুম?
কোথায় পালাবি তোরা?
সবখানে ভয়?
'জয় বাংলা'র জয় হবে নিশ্চয়...



## অতি আদরে
### সুজন দাশ

আদরের যদি চলে বাড়াবাড়ি
শিশুরা নষ্ট হয় তাড়াতাড়ি
মা বাবারা পরে বোঝে,
আদরের পাশে থাকলে শাসন
হারায় না শিশু নীতির আসন
মমতাও প্রেম খোঁজে।

অতি আদরেতে বাঁদর নষ্ট
প্রবাদেও আছে সে কথা পষ্ট
কজন সে কথা মানে?
না চাইতে সব পেয়ে যায় যারা
বড় হয়ে তারা হয় পথহারা
ভাসে না প্রেমের টানে।

স্বভাবেও তারা হয়ে ওঠে বাজে
পারেও না কোন সামাজিক কাজে
নিজের স্বার্থ দেখে,
থাকে না সদয় মা বাবার প্রতি
কদর্য হয় জীবনের গতি
উল্টো কষ্ট লেখে।

যারাই দেননি স্নেহের চাদর
মনের ভিতরে রেখেছে আদর
আদর্শ দিয়ে ঢেলে,
তাদের শিশুরা হয়নি ভ্রষ্ট
বুঝেছে তাদের শ্রম ও কষ্ট
হয়নিও এলেবেলে।



## নিঃশব্দ ফোরাত
### ইকবাল খান

সব কথা বলা যায় না, সব ক্ষত দেখাতে নেই জনসমক্ষে:
অনর্থক কোলাহল আর নিষ্ফল আস্তুতিরা ফিরে আসে কেবলি প্রতিধ্বনি হয়ে।
তার চেয়ে ভালো-বুকের গহীনে এক গোপন হৃৎপিণ্ড অবিরত রক্ত ঝরাক,
যেমন অলক্ষ্যে বয়ে যায় একাকী ফোরাতের জল।
হৃদয়ের কোনো এক আদিম অরণ্যে জেগে আছে এক বিষাদ-বৃক্ষ,
তার শিকড়ে লোলুপ অন্ধকার, রক্তে বয়ে চলে নীল গরল।
সে এক এমন সমুদ্র, যার ঢেউয়ের তীব্র ঝাঁকুনিতে
মুহূর্তেই ওলট-পালট হয়ে যায় আজন্ম চেনা এই জীবন।
সে তো স্বপ্নের এক নীরব ঘাতক,
ঠিক যেন ঘুণপোকার মতো দিবানিশি কুঁড়ে কুঁড়ে খায় বিশ্বাসের দেয়াল।
অতি সন্তর্পণে, পলে পলে সে বুনে চলে এক অমোঘ সর্বনাশ।
তার সর্বগ্রাসী ছায়ার নিচে থমকে দাঁড়ায় একটুখানি স্বস্তির নিশ্বাস,
অবশেষে চেনা এই জীবনও বন্দি হয়ে রয় সেই মহাজাগতিক বিষাদের কাছে।



## লজ্জা রাঙা মুখ
### উৎপলকান্তি বড়ুয়া

বৃষ্টি পড়ে
সবুজ পাতায় ফুলের কলি ফোটে,
বৃষ্টি পড়ে মিষ্টি করে
প্রিয়ার রঙিন ঠোঁটে।

বৃষ্টি পড়ে
ভিজে দারুন সকল খুশি সুখ,
চুল ভিজে আর সাথে ভিজে
লজ্জা রাঙা মুখ।


বৃষ্টি পড়ে
কাজল টানা কালো হরিণ চোখে,
ঠোঁট ভিজে চোখ ভিজে জানে
পাড়ার সকল লোকে।

বৃষ্টি পড়ে
ঝুম বৃষ্টি উঠোন টলোমলো,
মন ভিজলে কার কি তবে
যায় এসে যায় বলো?



## বর্ষার নেই ফর্সার আভা
### মিলন কান্তি দাস

বর্ষার রূপে নেই ফর্সার আভা
বর্ষার রূপে থাকে বৃষ্টির থাবা।।
বর্ষার অবয়ব থাকেনা যে ভালো
সারাদিন সারারাত মুখ তার কালো।।
বর্ষার গগণের মন থাকে ভারী
সূর্য্যের সাথে তার দুইমাস আড়ি।।
মাঝে মাঝে মিলে যায় সূর্য্যের দেখা
দেখে তারে মনে হয় ভাবছে কি একা।।
বর্ষার সাথে তার ভাব নেই মনে
মনে মনে খোঁজে তাই শরতের কনে।।



## রূপসী বাংলা
### মাসুদ রানা

